**ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ**
**প্রধান কার্যালয়, বিডিবিএল ভবন (লেভেল-১৪)**
**৮, রাজউক এভিনিউ, ঢাকা-১০০০।**
**হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট**

তারিখঃ ০৩ জ্যৈষ্ঠ ১৪২৯
১৭ মে ২০২২

# প্রশাসনিক পরিপত্র নং- ২০/২০২২

কর্পোরেশনের পরিচালনা বোর্ডের ০৯ মার্চ ২০২২ তারিখের ৬০৯তম সভায় গৃহীত সিদ্ধান্ত অনুযায়ী ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ কর্মচারী কল্যাণ তহবিল প্রবিধানমালা, ২০০০ এর ৭ নং অনুচ্ছেদের উপ-অনুচ্ছেদ (৮) নিম্নোক্তভাবে প্রতিস্থাপিত হয়েছে (সংযুক্ত):

(ক) কর্মরত অবস্থায় মৃত্যুবরণকারী কর্মচারীর সন্তানদের (সর্বোচ্চ দুই জন) শিক্ষা ব্যয় নির্বাহের জন্য সন্তান প্রতি মাসিক ৫০০.০০ টাকা প্রাপ্য হবেন, যা মাসিক শিক্ষা সহায়ক ভাতা হিসেবে গণ্য হবে;

(খ) সন্তানের বয়স সর্বোচ্চ ২৩ বছর পর্যন্ত মাসিক শিক্ষা সহায়ক ভাতা প্রাপ্য হবেন;

(গ) পিআরএলকালীন মৃত্যুবরণকারী কর্মচারীর সন্তান উপর্যুক্ত সুবিধা প্রাপ্য হবেন না;

(ঘ) স্বামী/স্ত্রী উভয় অত্র প্রতিষ্ঠানে কর্মরত হলে সেক্ষেত্রে একজনের মৃত্যুতে তাঁদের সন্তান এ সুবিধার আওতাভুক্ত হবে;

(ঙ) প্রতিটি শ্রেণীতে উত্তীর্ণ হওয়ার পর শিক্ষা প্রতিষ্ঠানের প্রত্যয়ন পত্র/উপযুক্ত প্রমাণক দাখিল করতে হবে।

(চ) আইসিবি পরিচালনা বোর্ডে অনুমোদনের তারিখ হতে নির্ধারিত মাসিক শিক্ষা সহায়ক ভাতা কার্যকর হবে।

০২। কর্পোরেশনে কর্মরত অবস্থায় মৃত্যুবরণকারী কর্মচারীর সন্তান/সন্তানরা পরিচালনা বোর্ড কর্তৃক অনুমোদিত উপর্যুক্ত সংশোধনী অনুযায়ী মাসিক সন্তান শিক্ষা সহায়ক ভাতা প্রাপ্য হবেন। উল্লিখিত প্রবিধানমালার সংশোধিত উপ-অনুচ্ছেদের আওতায় সন্তান শিক্ষা সহায়ক ভাতা প্রাপ্তির জন্য সংশ্লিষ্ট পেনশনভোগীকে সংযুক্ত নমুনা অনুযায়ী পেনশন এন্ড ওয়েলফেয়ার ডিপার্টমেন্ট বরাবর আবেদন করার জন্য অনুরোধ জানানো হলো।

০৩। কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ পরিপত্র জারি করা হলো।

**(জাহাঙ্গীর হোসেন)**
সহকারী মহাব্যবস্থাপক

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১. সহকারী মহাব্যবস্থাপক/সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিবি।
২. উপ-মহাব্যবস্থাপক/সিস্টেম ম্যানেজার, আইসিবি।
৩. মহাব্যবস্থাপক-এর সচিবালয়, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।
৪. উপ-ব্যবস্থাপনা পরিচালক-এর সচিবালয়, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।
৫. ব্যবস্থাপনা পরিচালক-এর সচিবালয়, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।
৬. চেয়ারম্যান-এর সচিবালয়, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।
৭. প্রধান নির্বাহী কর্মকর্তা, আইসিবি সাবসিডিয়ারি কোম্পানিসমূহ।
৮. আইসিবি কর্মকর্তা সমিতি, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।
৯. আইসিবি কর্মচারী ইউনিয়ন, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।
১০. অফিস কপি।

**অনুলিপি (কর্পোরেশনের ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য):**

সিনিয়র সিস্টেম এনালিস্ট, প্রোগ্রামিং ডিপার্টমেন্ট, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।

তারিখ:
সহকারী মহাব্যবস্থাপক
পেনশন এন্ড ওয়েলফেয়ার ডিপার্টমেন্ট
আইসিবি, প্রধান কার্যালয়
ঢাকা।

**বিষয়: কর্পোরেশনে কর্মরত অবস্থায় মৃত্যুবরণকারী কর্মচারীর সন্তানদের মাসিক শিক্ষা সহায়ক ভাতা প্রদান প্রসঙ্গে।**

মহোদয়,

উপরিউক্ত বিষয়ে হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট-এর ----------- তারিখের প্রশাসনিক পরিপত্র নং --------- উল্লেখ্য।

০২। উক্ত প্রশাসনিক পরিপত্র মোতাবেক আইসিবি কর্মচারী কল্যাণ তহবিল হতে সন্তানের শিক্ষা সহায়ক ভাতা প্রদান করার নিমিত্ত নিম্নোক্ত তথ্যাদি উপস্থাপন করা হলোঃ

| | | | |
|---|---|---|---|
| ১. | কর্মচারীর নাম | : | |
| ২. | পদবি ও আইডি নং | : | |
| ৩. | মৃত্যুর তারিখ | : | |
| ৪. | কর্মচারীর স্বামী/স্ত্রী চাকুরিজীবী হলে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের নাম এবং স্বামী/স্ত্রী এর নাম | | |
| ৫. | পেনশনভোগীর নাম, বর্তমান ঠিকানা ও হিসাব নম্বর | : | |
| ৬. | প্রয়োজনীয় দলিলাদি | : | (ক) হাসপাতাল/ স্থানীয় কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত কর্মচারীর মৃত্যুসনদ<br>(খ) সন্তানের জন্ম নিবন্ধন সনদের কপি<br>(গ) শিক্ষা প্রতিষ্ঠানের প্রত্যয়নপত্র/ সংশ্লিষ্ট প্রমাণক |
| ৭. | সন্তান/ সন্তানদের বিবরণ: | | |

| **ক্রম.** | **সন্তান/ সন্তানদের নাম** | **জন্ম তারিখ** | **শ্রেণি ও শিক্ষাবর্ষ** | **শিক্ষা প্রতিষ্ঠানের নাম** |
|---|---|---|---|---|
| ক. | | | | |
| খ. | | | | |

ধন্যবাদান্তে,

আপনার বিশ্বস্ত,

স্বাক্ষর ও তারিখ :

পেনশনভোগীর নাম: :

# ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ
# INVESTMENT CORPORATION OF BANGLADESH

৮, রাজউক এভিনিউ (লেভেল ১৪-২১), ঢাকা, বাংলাদেশ, পিএবিক্স ঃ ৯৫৬৩৪৫৫ (অটো হান্টিং), ফ্যাক্স ঃ ৮৮-০২-৯৫৬৩৩১৩
8, RAJUK AVENUE (LEVEL 14-21), DHAKA, BANGLADESH, PABX : 9563455 (AUTO HUNTING), FAX : 88-02-9563313, E-mail : icb@agni.com


## সেক্রেটারীজ ডিভিশন

নং-৫৩.১৩.০০০০.০১৪.৬৭.০০১.২১ তারিখ: ২৫.০৪.২০২২

সহকারী মহাব্যবস্থাপক
পেনশন এন্ড ওয়েলফেয়ার ডিপার্টমেন্ট
আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।

**বিষয়ঃ** **ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ কর্মচারী কল্যাণ তহবিল প্রবিধানমালা, ২০০০ এর ৭(৮) নং অনুচ্ছেদ সংশোধন প্রসঙ্গে।**

মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে বোর্ড কর্তৃক ০৯.০৩.২০২২ তারিখের ৬০৯তম সভায় উপস্থাপিত ব্যবস্থাপনা পরিচালকের ১৭.০২.২০২২ তারিখের ২০/২০২২ নং স্মারকটি বিবেচনা করা হয়। সভায় স্মারকের বিষয়বস্তু বিস্তারিত অবহিত হয়ে এবং আলোচনা-পর্যালোচনান্তে বোর্ড নিম্নোক্ত সিদ্ধান্ত গ্রহণ করেঃ

**(০১) আইসিবি কর্মচারী কল্যাণ তহবিল প্রবিধানমালা-২০০০ এর বিদ্যমান ৭(৮) নং ধারাটি নিম্নোক্তভাবে অনুমোদিত হলোঃ**

| বিদ্যমান ৭(৮) নং অনুচ্ছেদ | অনুমোদিত অনুচ্ছেদ |
|---|---|
| কোন কর্মরত/মৃত/ অক্ষম/ অবসরপ্রাপ্ত কর্মচারীর সন্তানদের (সর্বোচ্চ দুই জন) শিক্ষা ব্যয় নির্বাহের জন্য সন্তান প্রতি মাসিক ১৫০.০০ টাকা শিক্ষাভাতা প্রদান, শিক্ষাভাতার কাল পর্যায় এবং নিয়ম ও শর্তাবলী পরিষদ স্থির করবেন। | (ক) কর্মরত অবস্থায় মৃত্যুবরণকারী কর্মচারীর সন্তানদের (সর্বোচ্চ দুই জন) শিক্ষা ব্যয় নির্বাহের জন্য সন্তান/সন্তানরা প্রতিমাসিক ৫০০.০০ টাকা প্রাপ্য হবেন, যা মাসিক শিক্ষা সহায়ক ভাতা হিসেবে গণ্য হবে;<br>(খ) সন্তানের বয়স সর্বোচ্চ ২৩ বছর পর্যন্ত মাসিক শিক্ষা সহায়ক ভাতা প্রাপ্য হবেন;<br>(গ) পিআরএলকালীন মৃত্যুবরণকারী কর্মচারীর সন্তান উপর্যুক্ত সুবিধা প্রাপ্য হবেন না;<br>(ঘ) স্বামী/স্ত্রী উভয় অত্র প্রতিষ্ঠানে কর্মরত হলে সেক্ষেত্রে একজনের মৃত্যুতে তাঁদের সন্তান/সন্তানরা এ সুবিধার আওতাভুক্ত হবে;<br>(ঙ) প্রতিটি শ্রেণীতে উত্তীর্ণ হওয়ার পর শিক্ষা প্রতিষ্ঠানের প্রত্যয়ন পত্র/উপযুক্ত প্রমাণক দাখিল করতে হবে।<br>(চ) আইসিবি পরিচালনা বোর্ডে অনুমোদনের তারিখ হতে নির্ধারিত মাসিক শিক্ষা সহায়ক ভাতা কার্যকর হবে। |

০২। আলোচ্য বিষয়ের কার্যবিবরণীটি ২৫.০৪.২০২২ তারিখে অনুষ্ঠিত বোর্ডের ৬১০তম সভায় নিশ্চিত করা হয়েছে। উপরিউক্ত সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি অত্র ডিভিশনকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।

ধন্যবাদান্তে,

আপনার বিশ্বস্ত,

**(রুখসানা ইয়াসমিন)**
বোর্ড সচিব,পরিচালনা বোর্ড